# Hopscotch ওমেন সেন্টারে Aya Haidar এর প্রোগ্রাম
## শনিবার ১৯ নভেম্বর - রবিবার ২৭ নভেম্বর

আর্টিস্ট Aya Haidar শরৎ কাল ২০২২ সালে  Hopscotch ওমেন সেন্টারে মহিলাদের সাথে অনুসন্ধান এবং উদ্যঘাটন করছেন উনাদের দেশের, মাইগ্রেশন  আর পারিবারিক কাহিনী।

প্রতি সাপ্তাহ মহিলারা একসাথে বসে সেলাই, বুনন আর কথোপকথনের মাধমে সুন্দর ভাবে গেঁথে রেখেছেন উনাদের জীবন কাহিনী, ইতিহাস এবং কিবাভে শুরু হল এন্টিমাকাসারস এর ব্যবহার: এই কাজের মাধ্যমে প্রকাশ করেছেন নিজেদের সামাজিক, জাতিগত এবং লিঙ্গ জনিত বৈষম্যের অভিজ্ঞতার কথা।

এন্টিমাকাসারস(Antimacassars) হচ্ছে ছোট কাপড়ের টুকরা যেগুলো চেয়ার  অথবা সোফার হাতায় এবং মাথায় দেয়া হয়, চেয়ারের যে মূল কাপড়টা আছে সে কাপড়টা যাতে নষ্ট নাহয়, এটা রক্ষক হিসাবে কাজ করে।

এন্টিমাকাসারস(Antimacassars) নামটা এসেছে মাকাসারস তেল থেকে, এক প্রকারের চুলের তেল যা সাধারণত পুরুষরা ব্যবহার করতো ১৯ শতকের গোড়ার দিকে। তথাকথিত যে এই তেল তৈরির উপাদান গুলো মাকাসার (Makassar )সমুদ্রবন্দর, যা দক্ষিণ - পুর্ব এশিয়াতে অবস্থিত, সেখান থেকে ক্রয় করাহত।

ভিক্টোরিঅন এবং এডওয়ার্ডিয়ান সময়ে ঘরে ঘরে মানুষ শুরু করল চেয়ারের হাতা এবং পিছনদিকটা ঢেকে রাখা সুসম্পন্ন,কারুকার্য করা কাপড় দিয়ে, যে কাপড়টা আলাদা ভাবে তুলে নিয়ে ধুয়া যেত , যা চেয়ারের মূল কাপড়টাকে মাকাসারস তেলে পুরোপুরি নষ্ট হওয়া থেকে রক্কা করত , সেই থেকেই এর নামকরণ হয়েছে এন্টিমাকাসারস।

এন্টিমাকাসারস কে প্রতীক হিসাবে ব্যবহার করে এবং কারুকার্যকে গল্প বলার মাধ্যম বানিয়ে আমরা একটা জায়গা করেছি যেখানে একসাথে মিলে ব্যক্তিগত ক্ষতি গুলোকে বুঝতে চেষ্টা করছি এবং চেষ্টা করেছি মানসিক কষ্ট গুলোকে দূর করতে।

যেখানে এই সেশন গুলু  চলতো, সে জায়গাতে আসার জন্য আমরা আপনাদেরকে আমন্ত্রণ করছি। আপনারা আসেন এবং এই মহিলাদের গল্পের মাধ্যমে উপভুগ করুন এন্টিমাকাসারস  কি ভাবে ওদের জীবন ধারাতে প্রভাব ফেলেসে।